

উপবৃত্তির টাকা তুলতে ছাত্রীদের হয়রানি

নিজস্ব সংবাদদাতা : শেরপুর, ২ অক্টোবর। - প্রশাসনিক জটিলতায় শেরপুরে চারটি থানার ছাত্রীদের উপবৃত্তির টাকা উত্তোলনে সমস্যা সৃষ্টি হয়েছে। এতে ছাত্রীরা বৃত্তির টাকা উঠাতে হয়রানির শিকার হচ্ছে।

বর্তমান নির্বাচিত গণতান্ত্রিক সরকারের ঘোষিত ছাত্রীদের লেখাপড়া নিশ্চিত করার লক্ষ্যে বিনা বেতনসহ উপবৃত্তির ব্যবস্থা করা হয়। ছাত্রীদের উপবৃত্তির টাকা উঠানোর জন্য শেরপুরে রূপালী ব্যাংক নির্ধারিত হয়। এখানে মোট ৭১টি বিদ্যালয়ের ৩ হাজার ৩শ' ৯৬ জন ছাত্রীর একাউন্ট খোলা হয়েছে। এর মধ্যে বিনাইগাতী থানার ১২টি স্কুলের ৫শ' ৭৯ জন শ্রীবরদী থানার ২০টি স্কুলের ৯শ' ৬৩ জন, শেরপুর সদর থানার ২৯টি স্কুলের ১ হাজার ২শ' ২১ জন এবং জামালপুর জেলার বকশীগঞ্জ থানার ১০টি স্কুলের ৬শ' ৩৩ জন ছাত্রী এই ব্যাংকে হিসাব খুলেছে।

সরকারী নির্দেশ অনুযায়ী ৩টি বাণিজ্যিক ব্যাংককে উল্লিখিত ছাত্রীদের উপবৃত্তির টাকা উত্তোলনের ক্ষমতা অর্পণ করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যাংকগুলো হচ্ছে জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক ও রূপালী ব্যাংক। কিন্তু প্রশাসনিক জটিলতার কারণে শেরপুর জেলায় রূপালী ব্যাংককে এ দায়িত্ব দেয়া হয়েছে। অথচ প্রত্যেক থানায় ঐ দায়িত্বপ্রাপ্ত তিনটি ব্যাংকের যে কোন একটার শাখা বিদ্যমান। ফলে অনেক ছাত্রী শুধুমাত্র দূরত্বের কারণে তাদের ব্যাংক হিসাব খুলতে আসেনি বা খুলেনি।

শেরপুর রূপালী ব্যাংকে উল্লিখিত ৪টি থানার মোট ৩ হাজার ৫শ' ৫৫ জন ছাত্রীর উপবৃত্তির ব্যাংক হিসাব খোলার কথা। কিন্তু খুলেছে ৩ হাজার ৩শ' ৯৬ জন। অন্যথায় ৬ষ্ঠ শ্রেণীর ২ হাজার ৪শ' ৪৩ জন এবং নবম শ্রেণীর ৯শ' ৫৩ জন। বাকী ২শ' ৫৯ জন ছাত্রী প্রশাসনিক জটিলতা ও দূরত্বের কারণে ব্যাংকে হিসাব খুলতে আসেনি।

গত ২০ সেপ্টেম্বর থেকে রূপালী ব্যাংক শেরপুর শাখা ছাত্রীদের উপবৃত্তির টাকা প্রদান শুরু করেছে। প্রতিদিন একটি মাত্র স্কুল থেকে আসা ছাত্রীদের টাকা বিতরণ করা হচ্ছে। এতে ৪টি থানার স্কুলগুলোর টাকা বিতরণে প্রায় আড়াই মাস সময় লাগবে।

বিনাইগাতী থানার হাজী অছি আমরুল্লাহ উচ্চ বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব হাবিবুর রহমান হাবি জানান, ছাত্রীদের উপবৃত্তির টাকা তুলতে ছাত্রীদের একদিন ব্যাংকে এসে কাগজপত্র তৈরি করে যেতে হয় এবং পরে আবার অন্যদিন টাকা উত্তোলন করতে হয়। এতে জেলা শহরে ছাত্রীদের আসা-যাওয়ায় দুর্ভোগ পোহাতে হচ্ছে।

এ ব্যাপারে ব্যাংক ম্যানেজারের সাথে যোগাযোগ করা হলে তিন জানান ভিডিও কমানোর জন্য প্রতিদিন একটি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের উপবৃত্তির টাকা প্রদান করা হচ্ছে।